**Printed and Published by**
International Autism Foundation

**Head Quarter**
Hosue # 91/C, Road # 7/A,
Dhanmondi, Dhaka-1209,
Bangladesh
**Contact Number :**
+88 02 9613007 &
+8801711351379
**Email :**
blackandwhitehumanrights@gmail.com

**Our Project Address**
Black & White Autism Village,
Black & White City, Vutia,
Pirgacha, Madhupur, Tangail,
Dhaka, Bangladesh.
**Contact Number :**
+88 02 9613007 & +88
01711351379
**Email :**
blackandwhitehumanrights@gmail.com

**Price with Congratulations**
Taka 100 (One Hundred)
US $ 100 (One Hundred)
*(But free of cost for our
Divine Children with Autism
of the world*)

bKash
**01711-351379**

## Global Representatives

| | |
|---|---|
| Newyork | - Tarak Khan |
| London | - AH Sanju |
| Moscow | - K Azad |
| Stockholm | - Anisur Rahman |
| Canberra | - Mamunur |
| Otoya | - Samsun Nahar |
| Kualalampur | - A Harun |
| Kolkata | - Joyoshree |
| Tokyo | - Jebar Hoq |
| Piking | - Ahmed Robi |
| Canbera | - Mamun R. |
| Paris | - Kaiser Ali |
| Madrid | - Abu Ahmed |
| Rome | - Jalal Molla |
| Riyad | - Babu Mia |
| Dilhi | - Shibani Roy |

**Dear Friends Brothers Sisters Wellwishers and Donours,**



**I do have a Dream.** International Autism Foundation has been working for the Sustainable Development of our Vulnerable Divine Children with Autism since 2013. Black & White Autism School College University of Humanity is our Establishment in Madhupur Jungle in Bangladesh since 2016 (Education by Black & White Special Education Method and Curriculum). Most of our Divine Children with Autism are orphan very poor deprived and exploited. Black & White English Band since long is contributing in Music. International Autism Research and Information Centre is working relentlessly. Black & White Autism Theory ($A=CNS/M^3$) is our outstanding invention in this World. The Daily Black & White, The Daily Human Rights and The International Autism Foundation Journal both are equally contributing. Black & White Legal Aid Centre is working for uplifting their Rights. We are providing Special Education, Health Care Services and Nutrition free of cost for our Divine Children with Autism. We are providing Training for Parents, Teachers, Caregivers and Volunteers how to take care, how to make good, how to handle, how to teach, how to feed, how to interact, how to communicate, how to behave, how to play, how to adapt, how to socialize and how to overcome any kind of situations with our Divine Children with Autism. We are providing Snacks and Lunches through our limitations. We are providing Educational, Cultural and Sports materials according to our capability. We do need your Cooperation for building an Academic Infrastructure and a Residential Rehabilitation Center for our Divine Children with Autism. Autistic Children are never burden. You must be rewarded by our Almighty Creator.

Bank Account
**International Autism Foundation**
Account Number : 04405733016097, Routing Number : 200271750
Sonali Bank Ltd., Dhaka University Branch, Bangladesh

Thanking by
**Professor Mohammad Masudur Rahman**
(Masud Rana Black & White)
PhD Research on Autism and Special Education
Chairman and Chief Executive of International Autism Foundation

## ভূমিকা (Introduction)

প্রতিটি শিশুই অনন্য মানুষ। ওদের ঘরের কোণে আবদ্ধ রাখা যাবেনা। বাইরের আলোয় নিজেদের উদ্ভাসিত করার অধিকার সবারই আছে। সমাজে কিছু মানুষ আছে যাদের পরিপূর্ণ মানুষ হিসেবে গণ্য করা যায় না। মানসিক শক্তি ও সক্ষমতার মধ্যে কিছু ত্রুটি লক্ষ্য করা যায়। মানসিক শক্তি বলতে ব্যক্তির চিন্তা, প্রত্যক্ষণ, কল্পনা, বিচার বিবেচনা করার শক্তি, যুক্তি, মনে রাখার ক্ষমতা, বোঝা বা উপলব্ধির ক্ষমতা, চিনতে পারার ক্ষমতা ইত্যাদিকে বুঝায়। এসকল ক্ষমতা বিকাশের জন্য মূল প্রতিপাদ্য বিষয় হলো বুদ্ধি (Intelligence)। মানসিক সক্ষমতা বলতে মূলত বুদ্ধিকেই বোঝানো হয়। বুদ্ধি হলো পরিবর্তিত অবস্থায় নিজেকে খাপ খাওয়ানোর (adaptation) ক্ষমতা। বুদ্ধি হলো বিমূর্ত (abstract) চিন্তন সক্ষমতা। বুদ্ধি হলো জ্ঞান (knowledge) ও দক্ষতাকে (Skills) কাজে লাগানোর হাতিয়ার। বুদ্ধিমান ব্যক্তির ব্যক্তিসত্ত্বা সুসামঞ্জস্যপূর্ণ ও সংগতিময়। বুদ্ধিকে শানিত করা যায় জ্ঞান অর্জনের মাধ্যমে। জ্ঞানের চর্চা হ্রাস পেলে বুদ্ধির বিকাশে ভাটা পড়তে থাকে।

(A Study conducted by International Autism Research Centre, International Autism Foundation and Black & White Autism School College University of Humanity, 2001-2025)


## অটিজম বলতে আমরা যা বুঝি (Autism Understanding)

অটিজম একটি মনোবিকাশগত সমস্যা এবং কেন্দ্রিয় স্নায়ুতন্ত্রের বিকাশজনিত প্রতিবন্ধকতা। এটি শিশুর জন্মের ১-৩ বছরের মধ্যে প্রকাশ পায়। কোন কোন ক্ষেত্রে আবার এর ভিন্নতাও হতে পারে। Autism শব্দটির Alphabetical বিশ্লেষণ করলে প্রতিটি বর্ণ দ্বারা এক একটি শব্দ পাওয়া যায়। যেমন- A = Always, U = Unique, T = Totally, I = Interesting, S = Sometimes, M = Mysterious. উন্নত বিশ্বের মত বাংলাদেশেও Autism একটি জনস্বাস্থ্য সমস্যা। Autism বা Autism Spectrum Disorders, Down Syndrome, Cerebral Palsy Ges Intellectual Disability এগুলো হলো Neurodevelopmental প্রতিবন্ধিকতার ধরণ। Autism শব্দটি গ্রীক শব্দ Autos থেকে এসেছে। যার অর্থ হলো Self বা নিজস্ব, আত্ম, নিজ বা locked within অর্থাৎ নিজের মধ্যেই নিজেকে আবদ্ধ রাখা। Autos শব্দটি প্রথম ব্যবহার করেন ঝরিংং মনোরোগ বিশেষজ্ঞ Eugen Bleuler (1991) পরবর্তীতে Leo Kanner ১৯৪৩ সালে শব্দটির Scientific ব্যাখ্যা প্রদান করেন। তিনি বলেন Autism Spectrum Disorders হলো অটিজমের মতো সাদৃশ্যপূর্ণ বৈশিষ্ট্যের বেশ কিছু প্রতিবন্ধকতা। তিনি এর আবিষ্কারক। Autism শব্দটির অর্থ হলো নিজের মধ্যে মগ্ন ব্যক্তি। অর্থাৎ যে নিজের জগতে নিজে বাস করে। Autism মস্তিষ্কের একটি স্নায়ুবিক সমস্যা। এটি মস্তিষ্কের সাধারণ কর্মক্ষমতাকে ব্যাহত করে। আমরা সবাই ব্যতিক্রম আলাদা ভিন্ন ভিন্ন। Autism Spectrum Disorders কে একটি রংধনুর সাথে তুলনা করা যায়। রংধনুতে যেমন অনেক রংয়ের খেলা ASDতেও তেমনি বিভিন্ন ধরনের অটিজম থাকে। Donald Gray Triplett পৃথিবীর ইতিহাসে সর্বপ্রথম অটিজম বৈশিষ্ট্যসম্পন্ন স্বর্গীয় শিশু হিসেবে চিহ্নিত হন। তিনি ১৯৩৩ সালে আমেরিকার মিসিসিপি জঙ্গলে জন্ম গ্রহণ করেন।

## অটিজমের স্তরবিন্যাস ও ব্যাপ্তি (Stages and Ranges of Autism Spectrum Disorders)

(১) Mild (খুবই অল্পমাত্রায় বিরাজমান)
(২) Moderate (অল্পমাত্রায় বিরাজমান)
(৩) Severe (বেশী মাত্রায় বিরাজমান)
(৪) Profound (গভীরে গ্রথিত)

Black & White Special Education Method and Curriculum অটিজমের ৪টি স্তর নিয়েই কাজ করছে। Black & White Autism School College University of Humanity তে এ শিক্ষা পদ্ধতিটি ব্যবহার করে ভাল ফলাফল পাওয়া যাচ্ছে।




## Definition of Autism

According to Black & White (2010) "Autism is a Malformation Malorder and Malfunction of The Central Nervous System".

## Definition of Children with Autism

According to Black & White (2010) "The Children who are living with Autism Spectrum Disorders are treated as Children with Autism".

অটিজম একটি নিউরো-ডেভেলপমেন্টাল ডিসঅর্ডারস (NDD). DSM-5 অনুযায়ী অটিজম আক্রান্ত ব্যক্তির মধ্যে যোগাযোগের সীমাবদ্ধতা, পুনরাবৃত্তিমূলক আচরণ দেখা যেতে পারে। ADOS-02 টেস্টের মাধ্যমে অটিজম শনাক্ত করা সম্ভব।


## অটিজম বৈশিষ্ট্যসম্পন্ন স্বর্গীয় শিশুদের লক্ষণসমূহ (Symptoms of Divine Children with Autism)

| | | |
|---|---|---|
| ভাবলেশহীন দৃষ্টি | নিজেকে এলোমেলো পরিচালনা | বিমূর্ত বিষয় না বুঝা |
| সর্বত্রই পিছিয়ে থাকা | লেনদেনে অক্ষমতা | পুণরাবৃত্তি করতে না পারা |
| আবেগিক বিকাশ কম | মিথ্যে প্রতারণা ঠকানো জ্ঞানহীনতা | ব্যর্থতার ভয় খুব বেশি |
| বয়স্কজীবনেও স্বল্পবুদ্ধি ও শিশুসুলভতা | ভাব বিনিময়ে অক্ষমত | ভাষা বিকাশে সীমাবদ্ধতা |
| বারবার একই বিষয়ে মনোনিবেশ করা | পরিবর্তনে বাধা তৈরী | নিজের সম্পর্কে জ্ঞান না থাকা |
| জ্ঞান ও দক্ষতার সীমাবদ্ধতা | নাম ধরে ডাকলে সারা না দেয়া | অন্যের ভাষা না বুঝা . |
| সহজেই ভুলে যাওয়া | দেরিতে কথা বলা | দায়িত্ব ও কর্তব্য জ্ঞানহীনতা |
| ভালমন্দ না বুঝা | জড়তা ও অন্তর্মুখীতা | Sex বা যৌন জ্ঞান শিথিলতা |
| চোখে চোখ না রাখা | অমনোযোগিতা | সামাজিক যোগাযোগে ধীরতা বা অক্ষমতা |
| ক্রটিময় কথা ও আচরণ | মূল্যবোধের বিকাশ না ঘটা | আত্মপীড়ন |
| নিজেকে গুটিয়ে রাখার চেষ্টা | ঘুমের সমস্যা থাকা | পারিপার্শ্বিক জ্ঞানের অসামঞ্জস্যতা |
| **তবে কেউ কেউ কোন বিশেষ বিষয়ে চমকপ্রদ পারদর্শী হয়ে উঠতে পারে।** | | |

(A Study conducted by International Autism Research Centre, International Autism Foundation and Black & White Autism School College University of Humanity, 2001-2025)

### Autism: Ratio between Boys and Girls


According to CDC (2017), Autism Spectrum Disorders occur 5 times more often in boys than girls.




## Principal Characteristics Of Children with Autism

- Children with Autism are Always Unique
- Children with Autism are Totally Interesting
- Children with Autism are Sometimes Mysterious

### Nature of Children with Autism





Divine Children with Autism are with different Characteristics. Most of them are Introverted. Many of them are Extroverted. Some are Ambiverted.

(A Study conducted by International Autism Research Centre, International Autism Foundation and Black & White Autism School College University of Humanity, 2001-2025)

I = Introvert means Internal
E = Extrovert means External
A = Ambivert means Internal and External


## অটিজমের সম্ভাব্য কারণসমূহ (Causes of Autism Spectrum Disorders)

The Triggers causing Autism Spectrum Disorders are yet unknown to the People of the World. Researchers still do not know what are the causes of Autism. They are thinking Drugs and Toxins may play a Role here (Valproic Acid, Thalidomide). Genetics may play a Vital role causing Autism (Fragile X Syndrome). Infection at the time of Pregnancy may cause a risk here. There is no links at all between Autism and Vaccination of childhood. (A Study conducted by CDC 9 times, 2017). About 19% risks causing Autism among Siblings and there is a Chance among Twins about 76-79% (A Study conducted by CDC, 2017).




Black & White Special Care Model for Children

## অটিজমের ক্লিনিক্যাল বৈশিষ্ট্যসমূহ (Clinical Characteristics of Autism Spectrum Disorders)




Black & White CASD Model


ASD = Autism Spectrum Disorders
CASD = Clinical Characteristics of Autism Spectrum Disorders
IC = Impairment with Communication
II = Impairment with Interaction
IB = Impairment with Behaviour

Most Clinicians have accepted these three criteria for Autism Diagnosis. Persons with Autism have Learning complexity. They are Sensitive to Sounds, Touches, Tastes, Smells, Lights etc. They are always special.

## Black & White Special Education Method and Curriculum দ্বারা পরিচালিত শিক্ষার কয়েকটি পর্যায়।


(১) ব্যক্তিগত জীবনে শিক্ষা (Education for Personal Life)
(২) সামাজিক জীবনের শিক্ষা (Education for Social Life)
(৩) বৃত্তিমূলক শিক্ষা (Education for Professional life)

(A Study conducted by International Autism Research Centre, International Autism Foundation and Black & White Autism School College University of Humanity, 2001-2025)




এ PSP পদ্ধতিটি খুবই Innovative এবং কার্যকরী ভূমিকা রাখছে। এ শিক্ষা পদ্ধতিটি অটিজম বৈশিষ্ট্যসম্পন্ন স্বর্গীয় শিক্ষার্থীদের মেধা বিকাশে খুবই গুরুত্বপূর্ণ।

## বিভিন্ন ধরণের বৈকল্যতা (Divine Children with Autism and Different Disabilities)





**Black & White Multidisciplinary Approach**

DCA= Divine Children with Autism
LI = Learning Impairment
PI = Physical Impairment
II = Intellectual Impairment
VI = Vision Impairment
HI = Hearing Impairment
SI = Speech Impairment

(A Study conducted by International Autism Research Centre, International Autism Foundation and Black & White Autism School College University of Humanity, 2001-2025)

## CNS এর ক্রিয়াহীনতা বা অসাড়তা (Black & White Disfunctional Steps of CNS)





### CNS=Central Nervous System

A Divine Child with Autism fails to collect Information, fails to Storage, fails to Process, fails to Analyse and fails to Outcome.


(A Study conducted by International Autism Research Centre, International Autism Foundation and Black & White Autism School College University of Humanity, 2001-2025)

### Neuro Developmental Disorder Group




- NDD = Neuro Developmental Disorders
- ASD = Autism Spectrum Disorders
- CP = Cerebral Palsy
- DS = Down Syndrome
- ID = Intellectual Disability

### Troubles of Divine Children with Autism




- TDCA = Troubles of Divine Children with Autism
- GVC = Grasping Vast Concept
- GPS = Grasping Problem Solving
- GCER = Grasping Cause and Effect Relationships

(A Study conducted by International Autism Research Centre, International Autism Foundation and Black & White Autism School College University of Humanity, 2001-2025)

## অটিজমকে জয় করা নিয়ে কিছু কথা (Some Information ways of Autism Winning)

প্রতিটি শিশুই অনন্য। প্রত্যেকের চিন্তা চেতনা ভাবধারা ভিন্ন রকমের। আবেগ অনুভূতিও ভিন্ন মাত্রায়। সবার চাহিদাও এক নয়। বড় হওয়ার মাধ্যমগুলোও একেক ধরনের। শিশুর ব্যক্তিত্ব ও সামাজিকীকরণের জন্য প্রয়োজন উপযুক্ত পরিবেশ। গান সংগীত মিউজিক শিশুর স্নায়ুবিক বিকাশের জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। সংগীতের সুরের লহরী মেধা বিকাশের জন্য অনন্য। আবৃত্তি চর্চা মনুষ্যজীবনের জন্য সমধিক প্রয়োজনীয়। কথাবলার জড়তা দূর হয় এবং ব্যক্তির মধ্যে চঞ্চলতা ফিরে আসে। শিশু হয়ে উঠে একজন প্রানবন্ত মানুষ। অভিনয় জগৎ হলো ব্যক্তির চিন্তার আরেক দ্বার। এতে শিশুর মধ্যেকার জড় ব্যক্তিটি উচ্ছল হয়ে উঠে। আরো সামাজিক হয়ে উঠে। দৌড়ঝাঁপ চলাফেরা হাঁটাহাঁটি খুবই গুরুত্বপূর্ণ। মানসিক বিকাশের জন্য চাই উন্মুক্ত আকাশ, মুক্ত বায়ু, পাখির ডাক, পানির শব্দ, চাঁদের আলো, সূর্যের উত্তাপ, পারিবারিক বন্ধন। হাসিখুশিময় জীবন খুবই গুরুত্বপূর্ণ। গর্ভকালীন মাকে এবং পরিবারের সদস্যদের হাসিখুশি থাকতে হবে। মায়ের মন থাকবে সর্বদাই চাঙ্গা। শিশুদের ও মায়েদের প্রশিক্ষণ খুবই কার্যকরী। প্রশিক্ষণ মানুষের ভিতরের দুর্বলতাকে গতিময় ও বেগবান করে তোলে।

শিশুদের কাজের উৎসাহ দেয়া মানেই হলো তাকে মনোযোগী করে তোলা। কাজের প্রতি তার জন্য শ্রদ্ধাবোধ তৈরী করা। খেলাধূলা মানবজীবন গঠনের অন্যতম হাতিয়ার। শিশুদের মানসিক ও শারীরিক বিকাশের জন্য খেলাধূলার ভূমিকা অনস্বীকার্য। শরীর গঠনে যেকোন ধরনের খেলাধূলা ব্যায়াম অত্যাবশ্যক। নাচ হলো অনন্য এক মহৌষধ। নাচ বা দেহভঙ্গিমা হলো ভিতরের সৌন্দর্যের পরিচায়ক। নাচ মনের ভেতরের উপহারের সমষ্টি। নাচ মেধা বিকাশের জন্য অনন্য ভূমিকা রাখে। মস্তিষ্কের রক্ত চলাচলে অগ্রণী ভূমিকা রাখে। শরীরের রক্ত সঞ্চালনে কার্যকরী পদক্ষেপ রাখে। সেজদা ও চিরুনী পদ্ধতিগুলো কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রের সতেজতা বাড়ায়। মস্তিষ্কের শিরা উপশিরা গুলো কার্যত কর্মক্ষম থাকে। সেজদা ও চিরুনী পদ্ধতিগুলো নিয়মিত চালিয়ে যেতে হবে। এটি মনকে প্রফুল্ল রাখে। আমৃত্যু ব্যক্তির জীবন হয়ে উঠে আনন্দময় ও সাবলীল। যোগাযোগ পদ্ধতি সামাজিকীকরণের জন্য অনন্য পাথেয়। যোগাযোগ হলো ব্যক্তির বা শিশুর মনোবৈকল্য দূর করার অনন্য উপায়। যাদের মধ্যে যোগাযোগ যত বেশী তারা ততই উৎফুল্ল ও উৎকর্ষিত। বাচ্চাদের মধ্যে একটু মনোমালিন্য কিংবা অভিযান কিংবা একটু মনকষাকষি কিংবা একটু ঝগড়া দোষের কিছু নয়। এতে করে শিশুর আচরণ শক্তিশালী ও দিকময় হয়ে উঠে। ঘরকোনা শিশুরা সমাজের মানুষের সাথে চলতে হোঁচট খায়। বড় হওয়ার পথে বাধার সম্মুখীন হয়। তারা অনেক সময় সামাজিকভাবে অবদমিত হয়। কথা বলা আচরণের একটি অন্যতম বহিঃপ্রকাশ। স্নেহ মায়া মমতা তৈরীতে কথা বলা না বলা একটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। লেখালেখি চিত্রাংকন এগুলো শিশুর ব্যক্তিত্ব বিকাশে সাহায্য করে। ভালোবাসা বিনিময় শিশুর মধ্যে থাকা কোমল অনুভূতিগুলো আরো মজবুত করে। গড়ে উঠে উভয়ের মধ্যে মানবিক বন্ধন। শিক্ষক ও শিক্ষার্থীর মধ্যে গড়ে উঠে সুনিবিড় বন্ধন। অটুট জীবনধারা গড়ে উঠে।

পরিষ্কার পরিচ্ছন্নতা শিশুর মনোবিকাশে অনন্য ভুমিকা রাখে। উন্মুক্ত পরিবেশ প্রাকৃতিক মনোরম দৃশ্যপট ব্যক্তির ভিতরে ও বাইরে গড়ে তুলে এক মহিমান্বিত রূপরেখা যা তার চলার পথে পাথেয় হিসেবে কাজ করে। নদী বা পুকুর বা সাগর কিংবা কোন জলধারা শিশুর ব্যক্তিত্ব গঠনে সহায়ক। শিশুর মন সতেজ থাকে। সাঁতার একটি অন্যতম সহায়ক বটে। সাঁতার কিংবা জলখেলা উভয়ই শিশুর বা ব্যক্তির শরীর গঠনে ভুমিকা রাখে। সাঁতার শিশুর জন্য মহৌষধ। গোটা শরীর কিংবা অঙ্গ প্রত্যঙ্গগুলো হয়ে উঠে সতেজ ও সজীব। মস্তিষ্কের রক্ত চলাচলে অনন্য ভূমিকা রাখে। টান টান উত্তেজনা তৈরী হয় শরীর ও মনে। চোখে চোখ রেখে শিশুদের গান শেখানো কিংবা কথা বলা শিশুর জন্য খুবই গুরুত্বপূর্ণ। এতে করে শিশুরা খুবই আত্মবিশ্বাসী হয়ে উঠে। নিজের চিন্তা চেতনাবোধ তৈরী হয়। শিশুরা হয়ে উঠে আরো চঞ্চল গতিময় প্রাণবন্ত। Black & White Autism School College University of Humanity সমন্বিতভাবে শিশুদের জন্য কাজ করছে। স্বর্গীয় শিশুরা ধীরে ধীরে তাদের স্বাভাবিক জীবনে ফিরে আসুক। আমাদের এ প্রচেষ্টা অব্যাহত থাকুক। শিশুদের দৃষ্টিভঙ্গি গঠনে Black & White Special Education Method and Curriculum অনন্য ভূমিকা রেখে চলেছে।

## বিশেষ শিক্ষা পাঠ্যক্রম (Black & White Special Education Curriculum)

| Education Level | Age Level |
|---|---|
| **Black & White Autism School** [Daily Life Activities and Adaptation] | 03-13 Years |
| **Black & White Autism College** [Learning Skills Building and Adaptation] | 14-15 Years |
| **Black & White Autism University** [Observation, Perception and Adaptation] | 16-20 Years |
| **Black & White Autism University of Humanity** [Cognition, Realization, Adaptation and Understanding] | 21-Lifelong |

(A Study conducted by International Autism Research Centre, International Autism Foundation and Black & White Autism School College University of Humanity, 2001-2025)

## আটিজম জয়ের বৈজ্ঞানিক উপায়সমূহ (Black & White Scientific Teaching-Learning Method)

| | | |
|---|---|---|
| Music Method | **Swimming Method** | Behaviour Method |
| Reciting Method | Gardening Method | Writing Method |
| Acting Method | Reward Method | Walking Method |
| Attention Method | Adopting Method | **Cycling Method** |
| Friendship Method | Sports and Games Method | Talking Method |
| Moving Method | Realization Method | Affection Method |
| **Running Method** | Sejda Method | Speech Method |
| Working Method | Shouting Method | Cleaning Method |
| Loving Method | Dancing Method | Communication Method |
| Interaction Method | Reading Method | Gossiping Method |
| Training Method | Exercise Method | Socialization Method |
| Understanding Method | Combing Method | Quarreling Method |


**Black & White CSR Method**
Cycling Method + Swimming Method + Running Method = CSR Method

### অটিজম প্রতিরোধে আমাদের যেসব বিষয়ে লক্ষ্য রাখা অত্যাবশ্যক (Prevention is Better than Cure)

- বাল্যবিবাহ প্রতিরোধ
- অপরিপক্ক মায়ের সন্তান গ্রহণ না করা
- গর্ভাবস্থায় মাতৃপুষ্টি
- গর্ভবতী মায়ের মাদক সেবন না করা
- গর্ভাবস্থায় মায়ের উপর চাপ না রাখা
- গর্ভবতী মায়ের জন্য চাই প্রশান্তিময়তা
- গর্ভাবস্থায় ভারী কাজ না করা
- গর্ভাবস্থায় মায়ের জন্য মুক্ত পরিবেশ
- গর্ভাবস্থায় আয়োডিনযুক্ত লবণের ব্যবহার
- প্রসবকালীন যেন শিশুটি আঘাত না পায়
- গর্ভবতী মাকে তেজস্ক্রিয় রশ্মি হতে দূরে রাখা
- পারিবারিক শৃঙ্খলাবোধ
- মাটি পানি ও বাতাসে সীসার সহনশীলতা
- শিশুর জন্য প্রাকৃতিক সুষম খাদ্য
- শিশুর জন্য স্তন্যপান জরুরী
- শিশুর জন্য প্রাকৃতিক মনোরম পরিবেশ
- শিশুর বেড়ে উঠার জন্য নির্মল বায়ু, রোদ, বৃষ্টি, খেলার সাথী ইত্যাদি
- শিশুর জন্য একটি স্বর্গীয় পারিবারিক বন্ধন তৈরী।

(A Study conducted by International Autism Research Centre, International Autism Foundation and Black & White Autism School College University of Humanity, 2001-2025)

### Black & White PSD Education Model





DCA = Divine Children With Autism
EPL = Education for Professional Life
ESL = Education for Social Life
EDL = Education for Daily Life

EPL ESL and EDL each Model is differently playing a Vital role for the Development of our Divine Children with Autism.


(A Study conducted by International Autism Foundation, International Autism Research Centre and Black & White Autism School College University of Humanity, 2012-2025)

Black & White PSD Model is very important for Divine Children with Autism. This Model is very effective to enlighten their inner parts.

**Black & White Universal Tree Model**




**Black & White Conceptual and Development Framework**




(A Study conducted by International Autism Research Centre, International Autism Foundation and Black & White Autism School College University of Humanity, 2001-2025)

## হাসিবুল ইসলাম এবং অটিজম জয়ের গল্প (Story of Hasibul Islam our Student)

আমি হাসি বেগম। ময়মনসিংহ জেলার মুক্তাগাছা উপজেলার মনিরামবাড়ী গ্রামের নিম্ন মধ্যবিত্ত পরিবারে আমার জন্ম। আমরা দুই বোন অনেক সুখেই ছিলাম। আনন্দেই আমাদের দিন কাটছিল। এমনি এক সময় আমি যখন ৭ম শ্রেণীতে পড়ি তখন হঠাৎ ২০০৭ সালে আমার বিয়ে হয়। টাঙ্গাইল জেলার মধুপুর উপজেলার আমলীতলা গ্রামে। স্বামীর নাম মোঃ ইমরান হোসেন দুলাল। স্বামীর ঘরে এসে দেখি আমার দুইজন শ্বাশুড়ী। অতি কষ্টে অনেক প্রতিকূলতার মধ্যে সংসার শুরু করি। এমনি করেই একদিন আমার হাসিবুলের জন্ম হয়। কিন্তু আমি বুঝতে পারিনি আমার ছেলে প্রতিবন্ধী। আমার ছেলে দাঁড়াতে, হাঁটতে পারেনি। পরে ডাক্তার দেখিয়ে অনেক চিকিৎসা করে একদিন সে দাঁড়ালো এবং হাঁটতে শিখলো। অল্প বয়সে বিয়ে হওয়ার কারণে আমি বাবা-মার কাছে বেশি সময় থাকতাম। আমার বাবা-মা হাসিবুলকে অনেক ভালবাসতেন এবং মা-ই তার সেবাযত্ন করতেন। আমার এ সুখ আর বেশি দিন রইলনা। হাসিবুলের ৪ বছর বয়সে আমার মা মারা যান। এ কারণে বাবা আমার দ্বিতীয় বিয়ে করেন। আমার সৎমা প্রথমে ভাল ব্যবহার করলেও ভাই হওয়ার পর আমাদের সাথে খারাপ ব্যবহার শুরু করে। এমন কি কথা বলা পর্যন্ত বন্ধ করে দেয়। বর্তমানে আমি স্বামীর বাড়ীতে প্রথম শাশুড়ীর সাথে বসবাস করি। আমার স্বামীও নিম্ন মধ্যবিত্ত পরিবারে জন্ম গ্রহণ করার কারণে আমাদের রেখে ঢাকায় গিয়ে সামান্য রং মিস্ত্রির কাজ করেন। এখন আমার দুই ছেলে, ছোট ছেলের বয়স ৪ বছর এবং বড় ছেলের হাসিবুলের বয়স ১৪ বছর। কিন্তু সে এখনও নিজের কাজ নিজে করতে পারে না। তার সব কাজ আমাকেই করে দিতে হয়। এর পরেও আমি এবং তার বাবা তাকে অনেক ভালবাসি। কিন্তু হাসিবুল আমার কথা শুনেনা। কোন কিছু বললে বিরক্তবোধ করে, রাগ করে, ঘরের জিনিস পত্র ভাংচুর করে। ছোট ভাইয়ের সাথে খেলাধূলা করলে ভাইকে মারধর করে। বাইরে প্রতিবেশীর ছেলেদের সাথে মিশতে গেলেও তারাও তার সাথে খারাপ ব্যবহার করে। ফলে হাসিবুল তাদেরকে মারধর করে। এ জন্য প্রতিবেশিরা কেউ আমার ছেলেকে সহজভাবে মেনে নিতে পারেনা। তাদের ধারনা আমাদের পাপের কারণে হাসিবুল প্রতিবন্ধী হয়ে জন্মেছে। এ জন্য আমি মাঝে মাঝে নিজেকে অপরাধী মনে করি। এই অবস্থায় Black & White Autism School College University of Humanity-র আপারা এসে আমার ছেলে হাসিবুলকে স্কুলে ভর্তি করে নেয়। ছেলেকে নিয়ে প্রতিদিন স্কুলে যেতে পারি না, তবুও সপ্তাহে তিন দিন উপস্থিত থাকতে চেষ্টা করি। আমার ছেলে বাড়ীতে আমার কথা শুনতে চায়না। কিন্তু স্কুলে আপাদের কথা শুনে। লেখাপড়া শিখে। এখন আমার ছেলে বর্ণ, সংখ্যা চিনতে ও লিখতে পারে। এখন আমি অনেক আশা রাখি হাসিবুল একদিন নিজের কাজ নিজে করতে পারবে। আমার হাসিবুলের জন্য আপনারা সকলেই দোয়া করবেন। আমার ছেলে এখন একাই স্কুলে চলে চায়। ছুটির পর সোজা বাড়ীতে চলে আসে। খেলাধূলায় অংশগ্রহণ করে। স্কুলে গিয়েই ফুটবল নিয়ে মাঠে চলে যায়। অন্য বাচ্চাদের সাথে খেলায় মেতে উঠে। আমি এখন সুখী। আমার কাছে এখন অনেক আনন্দ। Black & White স্যারের জন্য অনেক দোয়া ও শুভকামনা।

## সুন্দরী বর্মন ও অটিজম জয়ের গল্প (Story of Sundori Bormon our Student)

আমি বেলা রানী বর্মন। আমি শ্রী সুন্দরী রানীর মেজো বোন। আমার বাবার নাম শ্রী বিনোদচন্দ্র বর্মন, মাতার নাম শ্রীমতি কমলা রানী বর্মন। আমরা ৪ বোন। শ্রী সুন্দরী রানী বর্মন সবার ছোট এবং আমি মেজো, আমার বড় দিদি ও ছোট দিদি আছে। শ্রী সুন্দরী রানী বুদ্ধি প্রতিবন্ধি। শ্রী সুন্দরী রানীর যখন ৮ বছর তখন বাবা মা দুজনই মারা যায়। আমার বড় দিদি ও ছোট দিদি তার দায়িত্ব নিতে চায়নি। শেষে আমাকে শ্রী সুন্দরী রানীর দায়িত্ব নিতে হয়েছে। সুন্দরীর মাথায় বুদ্ধি নাই। কোন কাজ জানেনা। নিজের খুশী মত ঘুরে বেড়াতে চায়। মানা করলেও শুনতে চায়না। এভাবে তাকে দেখাশুনা করার জন্য কষ্ট হয়। কোন কথা শুনতে চায়না। আমি দুঃশ্চিন্তায় পড়ে যাই। দিন মজুরী কাজ করি। আমি তাকে সেবা যত্ন করতে পারিনা। সুষ্ঠু ও সঠিক চিকিৎসা ও নিয়মিত আদর্শ শিক্ষা দিয়ে গড়ে তুলতে পারছিনা। এই অবস্থায় Black & White Autism School College University of Humanity-র উদ্যোগে শ্রী সুন্দরী রানীকে তাহাদের উক্ত স্কুলে নিয়ে যাই এবং ভর্তি করানো হয়। তাহাদের শিক্ষায় শ্রী সুন্দরী রানী বর্মন লেখাপড়া শিখছে, কায়দা কৌশল শিখছে। বড়দের কথা শুনে চলার জন্য চেষ্টা করছে। আগের তুলনায় এখন সে অনেক পরিপাটি। নিয়মিত স্কুলে যাওয়া, মাঠ পরিষ্কার করা, শিক্ষকের কথা মান্য করা, দোকানে গিয়ে চা বিস্কুট আনা এগুলো সে আয়ত্ব করেছে। আগে খেলাধূলা করতে চাইতো না। এখন দৌড়াদৌড়ি খেলাধূলায় নিজেকে জড়াতে পারে। ভগবান Black & White স্যারের মঙ্গল করুন। প্রণাম।

## লিন্টু হাজং এবং অটিজম জয়ের গল্প (Story of Lintu Hajong our Student)

লিন্টু হাজং। সে বাংলাদেশের স্বাধীনতার সংগ্রামের আগেই জন্ম গ্রহণ করে। আমি তার মেজ দিদি তিন্নি হাজং। আমাদের মা-বাবা মারা যাওয়ার পর থেকেই আমি তার দিদি হিসাবে ভরণ পোষণ করে আসছি। এর পূর্বে বাবা মহিনাথ নেকলা ও মা অলকা হাজং তার জন্মের পর থেকেই কষ্টের মধ্য দিয়েই তাকে লালন পালন করে এসেছিলেন। সে বুদ্ধি প্রতিবন্ধি। তথাপিও নিজ গ্রামের সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি করানো হয়েছিল। নিয়মিত স্কুলে যেতো। স্কুলে যাওয়া আসা উপস্থিত থাকা তার মধ্যে কোন গাফিলতি ছিলোনা। স্কুলে গিয়ে নাচগান করতো, পরিচ্ছন্নতার কাজ করতে খুবই পটু ছিল। সে নিজেও নিজেকে পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে স্বাচ্ছন্দ বোধ করতো। এখনো তাই করে। পরবর্তীতে ব্ল্যাক এন্ড হোয়াইট মাসুদ রানা স্যার ভূটিয়াতে Black & White Autism School College University of Humanity প্রতিষ্ঠানটি শুরু করেন। তাকেও এই স্কুলের একজন প্রতিবন্ধী শিশু হিসাবে ভর্তি করানো হয়। তিনি এবং উক্ত স্কুলের ম্যাডামদের দ্বারা ভর্তির পর থেকেই যত্নআত্তি দেখাশোনা করে চলছেন। নিয়মিত উপস্থিত থেকে শিক্ষা গ্রহণ করছেন। আমরাও তাতে উপকৃত হচ্ছি। আমাদের পরিবার কৃতজ্ঞতা প্রকাশ করছে। অনেক ভালোবাসা উক্ত স্কুলের কর্তৃপক্ষ, শিক্ষক, শিক্ষিকাদের প্রতি। তাদের সেবা কার্যের মধ্য দিয়ে যেনো প্রতিবন্ধি শিশুদের পরিবারের, সমাজের, জাতির ও রাষ্ট্রের মনোভাব পরিবর্তন ঘটে। অতিদ্রুত সকলের মানসিকতা পজিটিভলী সহানুভূতিশীল চিন্তা দ্বারা বিকশিত হয়ে উঠুক প্রতিটি প্রতিবন্ধি শিশুদের প্রতি। লিন্টু হাজং অত্যন্ত বিনয়ী শিক্ষার্থী। অন্য শিক্ষার্থীদের সাথে তার ব্যবহার চমকপ্রদ। এখন সে পারিবারিক, সামাজিক, সাংস্কৃতিক, ধর্মীয় অনেক কাজ করতে শিখেছে। যীশু Black & White স্যারের মঙ্গল করুন।

## শিমুল মিয়া এবং অটিজম জয়ের গল্প (Story of Shimul Mia our Student)


আমি জহুরা বেগম। গ্রামের একটি গরীব পরিবারে আমার জন্ম। আর্থিক অস্বচ্ছলতার কারণে বাবা-মা অল্প বয়সেই বিয়ে দেন। আমার তিন সন্তান, এক ছেলে এবং দুই মেয়ে। অনেক কষ্টে স্বামী সন্তান নিয়ে দিন কাটছিল। এমনি এক সময় স্বামী আমাকে ছেড়ে আরেকটি বিয়ে করে। যার কারণে আমার ছোট ছোট ছেলে মেয়েদের ভবিষ্যৎ নষ্ট হয়ে যায়। আমি অন্যের বাড়ীতে কাজ করে তাদের অনেক কষ্টে বড় করেছি এবং বিয়ে দিয়েছি। ছেলে বিয়ে দিয়ে একদিন আনন্দে আত্মহারা হয়েছিলাম যেদিন শিমুলের জন্ম হয়েছিল। শিমুল ছিল আমার প্রথম নাতী। কিন্তু সে আনন্দ বেশি দিন রইল না। হঠাৎ একদিন শিশু সন্তান শিমুলকে রেখে তার মাও চলে গেল। সেদিন থেকে নাতী শিমুলকে আমি লালন পালন করি। কিন্তু আমি জানতাম না আমার নাতী একজন প্রতিবন্ধী। আমার নাতী প্রথমে শিশু অবস্থায় স্বাভাবিক ভাবেই বেড়ে উঠে। কিন্তু যখন তার বয়স ২ থেকে ৩ বছর হয় তখন থেকেই তার মধ্যে অস্বাভাবিকতা দেখা যায়। সে কথা বলতে পারে না। চুপচাপ থাকে। হাবাগোবা অবস্থায় অস্বাভাবিক আচরণ করে। পরে ডাক্তার দেখিয়ে অনেক চিকিৎসা করে একদিন সে পাঁচ বছর বয়সে কথা বলতে শিখলো। এমনি সময় তার বাবা দ্বিতীয় বিয়ে করল। এখন শিমুল সৎমার সংসারে অনেক কষ্টে থাকে। কারণ শিমুল এখনও ঠিকমত কথা বলতে পারে না। কোন কাজ করতে দিলে ঠিকমত করতে পারে না। তাই তাকে তার সৎমা অনেক গালমন্দ করে। মাঝে মধ্যে মারধর করে। এই অবস্থায় Black & White Autism School College University of Humanity-র দিদিরা এসে আমার নাতী শিমুলকে স্কুলে ভর্তি করে নেয়। সেখানে দিদিদের বিভিন্ন শিক্ষায় এবং সেবাযত্নে শিমুল এখন মোটামোটি স্বাভাবিক আচরণ শিখছে এবং লেখাপড়া, খেলাধূলা করতে পারছে। নাতীকে নিয়ে আমি প্রতিদিন স্কুলে আসতাম। এখন শিমুল নিজে একাই স্কুলে যাওয়া আসা করতে পারছে। আমি আশা করছি আমার নাতী একদিন অনেক কিছু শিখতে পারবে। আমার নাতী শিমুলের জন্য আপনারা সকলেই দোয়া করবেন। আমরা Black & White স্যারের জন্য আল্লাহর কাছে দোয়া করি।

## শুভন জেত্রা এবং অটিজম জয়ের গল্প (Story of Shuvon Jetra our Student)

আমি লিপা জেত্রা। আমার স্বামীর নাম জিনিকসন মাবাক। আমি প্রতিবন্ধী শিশু শুভন জেত্রার আম্মা। ওর বয়স ১৬ বছর চলছে। সে বুদ্ধি প্রতিবন্ধী। আমার ছেলে শুভনের যখন জন্ম হয় ভেবেছিলাম আমার সন্তান সব বাচ্চাদের মত সুস্থ ও সবল হবে। যখনই শিশুটা ব্যতিক্রম হয় তখনই পরিবার থেকে শুরু করে বিভিন্ন ধরনের নির্যাতন। সামাজিক বিভিন্ন ধরনের কু-সংস্কার সেগুলো মা বাবার উপর চলে আসে। শুভনের যখন ৯ বছর হয় তখন সাধারণ সরকারি প্রাইমারি স্কুলে ভর্তি করতে নিয়ে যাই তখন স্যার ম্যাডাম তাকে ভর্তি নেয়নি। কারণ তাকে পড়াতে অনেক

সময় নষ্ট করতে হবে বলে। এভাবে যখন Black & White Autism School College University of Humanity খোলা হলো তবে থেকেই তাকে এখানেই ভর্তি করে দিলাম। এভাবে শুভনকে আমি প্রতিদিন স্কুলে নিয়ে যাই। আমি এভাবে ১ বছর আসা যাওয়ার পর সে এখন উন্নতির দিকে এসেছে। সে এখন একা একা নিজেই যেতে পারে স্কুলে। এভাবে সে এখন আগের তুলনায় উন্নতির দিকে। সে স্কুলে গিয়ে আদব কায়দা শিখেছে। শুভনের মা হিসেবে আমার নিজেকে ধন্য মনে হয়। শুভন এখন অনেক শান্তপ্রিয় ছেলে। স্কুলের সকলের সাথে এখন মিলেমিশে থাকতে পারে। ম্যাডাম স্যারদের কথা শুনে চলতে পারে। আগের মতো রাগ ও মেজাজ এখন নেই। পারিবারিক কাজেও সে এখন আগের তুলনায় অনেক মনোযোগী। Black & White স্যারের প্রতি আমার ঈশ্বরের ভালবাসা থাকবে।

**Black & White Adaptation and Socialization Method**




## দুঃখু মিয়া এবং অটিজম জয়ের গল্প (Story of Dukhu Mia our Student)

আমি মোছাঃ আয়শা বেগম, আমার স্বামী মোঃ আলাউদ্দিন, আমার ২ ছেলে। আমার ছোট ছেলে মায়দুল ইসলাম (দুখু মিয়া) দুখুমিয়ার বয়স ১২ বছর। আমার স্বামী আমাকে এবং আমার দুই ছেলেকে ফেলে চলে গেছে। চলে গিয়ে অন্য এক মেয়েকে বিয়ে করে সংসার করছে। আমাকে কোন খরচ দেয়না। আমি এখন বাবার বাড়ি থাকি। বাবার বাড়ি থেকে আমার বড় ছেলেকে নিয়ে অন্যের বাড়িতে কাজ করে দিন চালাচ্ছি। আমার বড় ছেলের বয়স ১৪ বছর। আমি এক অসহায় দরিদ্র ঘরের মেয়ে। আমার বাবা নেই। মা বয়স্ক। সংসার খুবই কষ্টে চলে। আমার বড় ছেলে নিয়ে কোন সমস্যা নেই। কাজ করে খেতে পারবে। আর আমার ছোট ছেলে দুখু মিয়াকে আপারা প্রতিবন্ধী স্কুলে ভর্তি করেছে। ছোট ছেলে দুখু মিয়াকে নিয়ে আমার সমস্যা। এই ছেলেকে কে দেখবে? কোন ভাল মন্দ বুঝে না। বুদ্ধি নেই। নিজের কাজ নিজে করতে পারে না। সব কাজ আমার করে দিতে হয়। আর হাত সব সময় কাঁপে। আমার সামর্থ নেই ছেলেকে ডাঃ দেখানোর। মুখ দিয়ে সব সময় লালা পড়ে। আর আমার ছেলে দুখু মিয়া শারীরিক প্রতিবন্ধী ও মানসিক প্রতিবন্ধী। আর কিছু দিন আগে আমাকে আমার ভাইয়েরা দ্বিতীয় বিয়ে করতে বাধ্য করে। প্রতিবেশীদের নানান কথার কারনে। এখন আমার ছোট ছেলেকে দেখাশোনা করেন আমার বয়স্ক মা। আমার মায়েরই দিন চলে না। আমার ছেলের দায়িত্ব কেমনে নিবে। আমার ভাইয়েরাও আমার ছেলেকে দেখাশোনা করেনা। আর আমার মাকেও দেখা শোনা করেনা। কারণ আমার ভাইয়েরা কেমনে দেখাশোনা করবে তাদের সংসার চলেনা তারা দিন মজুর কাজ করে সংসার চালায়। আর আমার মা অন্যের বাড়িতে চেয়ে এনে দিন চালাচ্ছে। মার তেমন শক্তি নেই যে অন্যের বাড়িতে কাজ করে খাবে। আর আমার ছেলে দুখু মিয়ার খরচ দিতে কষ্ট হচ্ছে। তারই খাবার, পোশাক, ডাঃ দেখানো এবং ঔষধ কিনার টাকা থাকেনা। এখন আমি পারছিনা। দুঃখু স্কুলে এসে আগে কোন কিছু বুঝতো না। এখন আচার ব্যবহারগুলো বুঝে। আমার মন থেকে Black & White স্যারের জন্য দোয়া করি। তিনি মানুষ না যেন ফেরেশতা।

## জাহিদুল এবং অটিজম জয়ের গল্প (Story of Jahidul our Student)

এ দেশের দরিদ্র জনপদের অধিকাংশ পরিবারে কখন কোনদিন কোন সন্তানের জন্ম হয় তা তার মা-বাবা মনে রাখার প্রয়োজন মনে করে না। তেমনি একটি পরিবারে আমার জন্ম। আমি মোছাঃ জরিনা বেগম। অতি কষ্টে অনেক সংগ্রাম করে বড় হয়েছি। তারপরই বিয়ে। স্বামীর নাম মোঃ লুৎফর রহমান। আমার তিন সন্তান এর মধ্যে দ্বিতীয় সন্তান জাহিদুল ছিল অন্য রকম। সে ছোট বেলায় চুপচাপ থাকতো। অন্য বাচ্চাদের সাথে মিশতো না। তাদের সাথে খেলতো না। কোন কিছু জিজ্ঞাসা করলে উত্তর দিত না। এভাবেই স্বাভাবিক বাচ্চাদের মতোই সে বড় হয়। পরে ৬ বছর বয়সে তাকে প্রাইমারী স্কুলে ভর্তি করি। আমি তাকে প্রতিদিন স্কুলে নিয়ে আসা যাওয়া করি। তখনও আমি বুঝতে পারিনি আমার ছেলে প্রতিবন্ধী। পরে ম্যাডামদের থেকে জানতে পারি সে একজন বুদ্ধি প্রতিবন্ধী। ম্যাডাম জানায় জাহিদুল কোন কিছু মনে রাখতে পারে না। কোন প্রশ্ন করলে সম্পর্কহীন উত্তর দেয়। তাই স্বাভাবিক বাচ্চাদের সাথে সে লেখাপড়া করতে পারবে না। একদিন আমার স্বামী আমাকে ছেড়ে চলে যায়। এখন আমি তিন সন্তান নিয়ে বিধবা মায়ের সংসারে বসবাস করি। এখানেও আমার বিধবা মা তার আরও দুইজন প্রতিবন্ধী সন্তানদের নিয়ে থাকে। তারা কেউই নিজের কাজ নিজে করতে পারে না। আমার মাকে তাদের সব কাজ করে দিতে হয়। আমার মা অনেক কষ্টে তাদের লালন পালন করছে। এখন আমাদের সংসারে তিনটি প্রতিবন্ধী সন্তান আছে। আমি এবং আমার মা অন্যের বাড়িতে দিন মজুরীতে কাজ করি। অনেক কষ্টে দিন কাটাচ্ছি। তাই তাদের সঠিকভাবে সেবাযত্ন, চিকিৎসা, লেখাপড়া, খাওয়া দাওয়া করাতে পারছিনা। এই অবস্থায় ব্ল্যাক এন্ড হোয়াইট মাসুদ রানা স্যার আমাদের মাঝে আল্লাহর ফেরেস্তা হয়ে আসেন। তিনি আমার ছেলে এবং ভাইকে উনার Black & White Autism School College University of Humanity-তে নিজ উদ্যোগে ভর্তি করে নেন। সেখানে শিক্ষকদের শিক্ষায় আমার ছেলে জাহিদুল এখন লেখাপড়া, নাচ গান এবং খেলাধূলা শিখতে পারছে। এখন জাহিদুল নিজে নিজে বর্ণ, সংখ্যা চিনে লিখতে এবং বলতে পারছে। আমি এখন বিশ্বাস করি আমার জাহিদুল একদিন স্বাভাবিক বাচ্চাদের মতো অনেক কিছু শিখতে পারবে। আমার জাহিদুলের জন্য সকলেই দোয়া করবেন।

## ফারুক হোসেন এবং অটিজম জয়ের গল্প (Story of Faruk Hosen our Student)

আমি ফিরোজা বেগম, আমার স্বামী ছিদ্দিক আলী, আমার ১ মেয়ে ১ ছেলে। আমার ছেলের নাম মোঃ ফারুক। আমার পরিবার অতি দরিদ্র। আমার সংসার খুবই কষ্টে চলে। আমার স্বামী একজন ভ্যানচালক এবং দিন মজুর কাজ করে। আমার আশা ছিল আমার ছেলে আমার সংসারে এসেছে আমি সুখী হব তা আর হল না। আমার ছেলের বয়স যখন তিন বছর তখন হাঁটতে শিখেছে। কথা বলতে শিখেনি। আমার ছেলের বয়স এখন ১৬ বছর। পড়াশুনা বুঝতো না। কোন বুদ্ধি নাই। নিজের কাজ নিজে করতে পারেতো না। সব কাজ আমাকে করে দিতে হতো। যেমন গোসল করানো, দাঁতমাজা, নখ কাটা, জামাকাপড় পরিষ্কার করা, খাবার খাওয়ানো। কোন ভাল মন্দ বুঝতো না। সমবয়সী শিশুদের সাথে মিশতো না। সে একা থাকতে পছন্দ করেতো। তার কোন স্থিরতা নাই। সব সময় এক জায়গা থেকে অন্য জায়গায় চলে যেতো। কোন কিছু মনে থাকেনা। কোন কাজ করতেও বুঝে না। আমার খুবই চিন্তা হয়। কষ্ট লাগে। আমার ছেলের খরচ চালাতে সমস্যা হয়। তার খাবার ঔষধ ও পোশাক দিতে পারিনা। কোন কথা শুনে না। কোন কথা মানে না। আমার আরও কষ্ট লাগে যখন পাড়া প্রতিবেশীরা আমার ছেলেকে নিয়ে উপহাস করে। আর আমি আগে স্কুলে নিয়ে যাইতাম। একা যাইতে পারতো না। এখন মাঝে মাঝে একা স্কুলে যাইতে পারে। আর আমি চিন্তা করি যখন আমি থাকবনা আমার ছেলের পাশে কে দাড়াবে। কে থাকবে। আমার ছেলেকে ভবিষ্যতে কে দেখবে। Black & White স্যার এর কাছে আমার অনুরোধ আমার ছেলের পাশে যেন থাকেন। এখন সে কথা শোনে। অনেকটা স্থির হয়েছে। নিজের জামা জুতা পরতে পারে। মাঝে মাঝে কথা বলে। স্কুলে আসার জন্য এখন নিজেই তৈরী হয়। স্কুলের সবার সাথে মিশতে পারে। খেলাধুলায় অংশগ্রহণ করতে পারে। আল্লাহ Black & White স্যারের ভালো করে যেনো।

## রিহাদ মিয়া এবং অটিজম জয়ের গল্প (Story of Ryhad Mia our Student)

আমি জুলেখা বেগম। আমার স্বামী আবু হানিফ। আমার ২ ছেলে ১ মেয়ে। আমার স্বামী দিন মজুর কাজ করে। আমি বন থেকে লাখরি এনে বিক্রি করে টাকা সংসারের কাজে লাগাই। আমাদের অভাবের সংসার কষ্টেই চলে। আমার ছোট ছেলে রিহাদ শারীরিক প্রতিবন্ধী প্রায়ই অসুস্থ থাকে। রিহাদকে প্রতিবন্ধী স্কুলের আপারা ভর্তি নিয়েছে। রিহাদের বয়স ৭ বছর। রিহাদ খাবার খেতে পারে কিন্তু বয়স হিসেবে বারন্ত নাই। রিহাদের খিটখিটে মেজাজ। কোন কথা শোনে না। কোন কথা মানে না। কোন পড়া মনে রাখতে পারে না। আগে স্কুলে আসতে চাইতো না এখন স্কুলে আসে কিন্তু একা স্কুলে আসতে পারে না। আমাকে স্কুলে নিয়ে আসতে হয়। রিহাদের শরীরের অঙ্গগুলো কার্টুনের মতো। রিহাদ স্কুলের শিশুদের দেখে ভয় পেত আগে। এখন আর স্কুলের শিশু দেখে ভয় পায় না। রিহাদ কোনো কাজ করতে চায় না। সব কাজ আমাকে করে দিতে হয়। হাত দিয়ে খাবার তুলে খেতে পারতো না এখন কিছুটা পারে। চেষ্টা করছে। আগে খেলাধুলা করতো না। নিজেকে গুটিয়ে রাখতো। এখন স্কুলে এসে খেলাধূলা করতে শিখেছে। ফুটবলে আগে লাথি দিতে ভয় পেত। এখন সে ফুটবল খেলে। এখন স্কুলে আসার জন্য নিজের জামা নিজেই পরতে শিখেছে।

## মরিয়ম আক্তার এবং অটিজম জয়ের গল্প (Story of Moriom Akter our Student)

আমি সুখী বেগম। আমার স্বামী আইয়ুব আলী। আমাদের ২ জন ছেলে মেয়ে। মরিয়ম আক্তার ২য় শিশু হিসেবে আমার কোলে জন্মগ্রহণ করে। প্রথমে শিশু অবস্থায় স্বাভাবিক ভাবেই সে জন্ম গ্রহণ করেন। স্বাভাবিক ভাবেই বেড়ে উঠে। সে কথা বলতে পারতো না। হাবা গোবা অবস্থায় অস্বাভাবিক আচরণ করতো। আমরা দুঃশ্চিন্তায় পড়ে যাই। দিন মজুরী হিসেবে আমি তাকে সেবা যত্ন করতে পারিনা। সুস্থ ও সঠিক চিকিৎসা ও নিয়মিত আদর্শ শিক্ষা দিয়ে গড়ে তুলতে পারছিনা। এই অবস্থায় Black & White Autism School College University of Humanity-র উদ্যোগে আমরা আমাদের শিশুকে উক্ত স্কুলে নিয়ে যাই এবং ভর্তি করাই। তাহাদের শিক্ষায় আমার শিশুটি লেখা পড়া শিখছে। নাচ গান শিখতে পারছে। বড়দের কথা শুনে মেনে চলার চেষ্টা করছে। এই ভাবে আমি আমার পরিবার খুবই উপকৃত হচ্ছি। তাই আমি এই স্কুলের দিন দিন উন্নতি কামনা করছি। আমার অটিস্টিক শিশুর মত আরো অনেক শিশু যেন নিরাপত্তা পেয়ে সকলের পরিবার উপকৃত হয়। আমি Black & White Autism School College University of Humanity-র সর্বদাই মঙ্গল ও উন্নতি কামনা করি। আমার মনে এখন অনেক আনন্দ। মরিয়ম আগে ঘরের কোনে থাকতে চাইতো। এখন তার উন্নতি হয়েছে। নিয়মিত স্কুলে যাওয়ার জন্য উতলা হয়ে যায়। নিজের জামা নিজেই পড়বে। এখন ক্ষুধা পেলে নিজেই খাবার খেতে চায় যা আগে খুবই কম হতো। নিজের গোসল নিজেই করে। বাড়িতে হাঁস মুরগি ছাগলের সাথে খেলা করতে শিখেছে। বিড়াল দেখে আগে ভয় পেলেও এখন বিড়ালের সাথে তার বন্ধুত্ব হয়েছে।

## জাহিদুল ইসলাম এবং অটিজম জয়ের গল্প (Story of Zahidul Islam our Student)

জাহিদুল ইসলাম। বয়স ১০ বছর। মায়ের নাম জালেমন বিবি এবং বাবা হানিফা। উভয়েই কৃষিকাজ ও গৃহস্থালি কাজ করে জীবিকা নির্বাহ করেন। জাহিদুল খুবই চঞ্চল ও অস্থির প্রকৃতির ছিলো। বিভিন্ন ডাক্তার ও কবিরাজের ঔষধ সেবনে মাঝে মাঝে ঠাণ্ডা হলেও কিছুদিন পর আবার সেই আগের মতো। মা-বাবা দিশেহারা হয়ে পড়েছিলো। Black & White Autism School College University of Humanity-তে প্রথমে আসা যাওয়া শুরু করলো। আমাদের শিক্ষকমণ্ডলীর নিবিড় পরিচর্যার মধ্যে বেড়ে উঠতে লাগলো। Black & White অত্যন্ত শক্তিশালী ও কার্যকরী ভুমিকা পালন করেছে তাদের সার্বিক উন্নয়নে। জাহিদুল এখন কোথাও যেতে পারে এবং বাড়ীতে ফিরতে পারে। আগে স্কুলে আসতে চাইতো না। শক্তি প্রয়োগে বাধ্য করা হতো। এখন স্বেচ্ছায় জামা পড়ে নিজেই স্কুলে আসার জন্য বেড়িয়ে পড়ে। স্কুলে এসে অন্যান্য শিশুদের সাথে খেলাধুলায় মেতে উঠে। এখন শিক্ষকের কথামত কাজ করা শিখেছে। বাড়ীতেও এখন অন্যান্য কাজ শিখতে ও করতে শুরু করেছে। এখন সে আমাদের প্রতিষ্ঠানের একজন নিয়মিত গর্বিত শিক্ষার্থী।

## স্বর্গীয় শিশু, পরিবার এবং পর্যবেক্ষণ (Divine Children, Family and Observation)

অটিজম বৈশিষ্ট্যসম্পন্ন স্বর্গীয় শিশুরা সর্বত্রই সমাদৃত নয়। বহুলাংশে তারা বঞ্চিত। তারা ঝুঁকিপূর্ণ। অনেক পিতামাতা দিন আনে দিন খায়। শিশুরা অনেক ক্ষেত্রে ভিক্ষাবৃত্তিতে জড়িত হচ্ছে বাধ্য হয়ে। অনেক শিশুরাই মাতৃহীন কিংবা পিতৃহীন। কেউ আবার বাবা-মা হারা। অনেক মায়েরা আবার শিশুদের রেখে অন্যত্র বিয়ে করেছে। বাবারাও আবার কেউ কেউ অন্যত্র বিয়ে করেছে। কেউই তারা তাদের শিশুদের খোঁজ নেয়না। বরং ঐসব অসহায় শিশুরা বৃদ্ধ দাদা দাদী কিংবা নানা নানীর সাথে থাকছে। তাদের ৯৫% পরিবারই খুবই কষ্টে দিনাতিপাত করে থাকে। তারা খাদ্য বস্ত্র চিকিৎসার ঝুঁকিতে বসবাস করছে। পুষ্টিহীনতায় বেড়ে উঠছে। তাদের অনেকেরই ভালো মানের ঘর নেই। আবার দেখা যায় অনেক স্বর্গীয় শিশু রাস্তায় কুকুর বিড়ালের সাথে ঘুমুচ্ছে। খাদ্যহীন পার করতে হয় কষ্টের রজনী। তারা শিক্ষাহীন বিনোদনহীন জীবনধারণ করছে। এ যেন বেঁচে থাকা নয়। অনেকে আবার নিরাপত্তাহীনতায় বেঁচে আছে। আমাদের যথেষ্ট পরিমাণ প্রশিক্ষণপ্রাপ্ত পিতামাতা, শিক্ষক, স্বেচ্ছাসেবক, যত্নকারী, প্রতিবেশী, ডাক্তার, নার্স, সমাজসেবকের ঘাটতি রয়েছে। সবার প্রতি আমাদের অনেক দায়িত্ব ও কর্তব্য রয়েছে। আমাদের আরো মানবিক হতে হবে। মানবতার উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন হোক প্রতিটি ঘরে।

(A Study conducted by International Autism Research Centre, International Autism Foundation and Black & White Autism School College University of Humanity, 2001-2025)

## অটিজম বৈশিষ্ট্য সম্পন্ন স্বর্গীয় শিশু, স্বর্গীয় মা-বাবা, স্বর্গীয় শিক্ষক ও সেবাদানকারী স্বর্গীয় বন্ধুরা (Divine Children with Autism, Divine Parents, Divine Teachers, Divine Caregivers and Divine Volunteers)

অটিজম বৈশিষ্ট্য সম্পন্ন স্বর্গীয় শিশুদের জন্য Black & White Autism School College University of Humanity পুরোদমে কাজ করে চলেছে। তাদের গুণগত শিক্ষা বিস্তারে নানাবিধ কর্ম পরিকল্পনা তৈরী এবং সে মোতাবেক কর্ম সম্পাদন করছে। তাদের প্রতি আমাদের আছে স্নেহ বাৎসল্য দৃষ্টি। স্বর্গীয় মা-বাবার প্রতিও আমাদের অনেক করণীয় আছে। মা-বাবার জীবনমান উন্নয়নের দিকেও আমরা লক্ষ্য রাখছি। তাদের স্বাস্থ্য ও পুষ্টিজ্ঞান আমাদের শিক্ষার একটা অংশ। মা-বাবা যেন ভালো থাকেন সে বিষয়ে আমাদের পরিকল্পনা খুবই সাবলীল ও ফলপ্রসূ। বিশেষ করে মায়েদের স্বাস্থ্য ভাবনা খুবই জরুরী। আমাদের স্বর্গীয় শিক্ষকগণ নিরলসভাবে শিশুদের জীবনমান উন্নয়নের লক্ষ্যে কাজ করছেন। মমতাময়ী মায়ের স্নেহে শিশুদের গড়ে তুলছেন। আমাদের স্বর্গীয় সেবাদানকারীগণ নিয়মিত সেবা দিয়ে যাচ্ছেন। শিশুদের জন্য রয়েছে এক মনোরম পরিবেশ। মনোরম পরিবেশ শিশুর জ্ঞান বিকাশের জন্য সহায়ক। শিশু শিক্ষক মা-বাবা ও সেবাদানকারীর মধ্যে রয়েছে এক অনাবিল বোঝাপড়া। প্রাকৃতিক শিক্ষা অটিজম বৈশিষ্ট্যসম্পন্ন স্বর্গীয় শিশুদের জন্য উত্তম। প্রকৃতির মাঝে বেড়ে উঠার সকল দ্বার খুলে দিতে হবে। Black & White Education Method and Curriculum হলো একটি উৎকৃষ্টমানের শিক্ষা পদ্ধতি। এটিকে বর্তমান বিশ্বের সর্ব উত্তম Education Method বলা যেতে পারে। এটি একটি শক্তিশালী শিক্ষা পদ্ধতি। এ পদ্ধতি অবলম্বনে যেকোন বয়সের স্বর্গীয় শিশুর জন্য শিক্ষা দেয়া যাবে। গুণগত শিক্ষা পদ্ধতি মানেই গুণগত শিক্ষা ব্যবস্থা। Black & White Autism School College University of Humanity-র শিক্ষকমণ্ডলী খুবই আনন্দের সাথে শিক্ষা কার্যক্রম পরিচালনা করে আসছেন। তাঁরা শিশুদের সাথে হেসে খেলে তাদের পাঠদান করান। আনন্দঘন পরিবেশ শিশু ও শিক্ষকের উভয়ের জন্যই কার্যকর ভূমিকা রাখে। আমাদের শিক্ষা কার্যক্রম চলে ঘরের মধ্যে, মাঠে, ঘাটে, বন বাদারে, রাস্তায়, নদীতে, গাড়ীতে, পানিতে, বাড়ীতে, গাছে গাছে। আমাদের স্বর্গীয় শিশুরা তাদের মতো করে ছুটোছুটি, হুড়োহুড়ি করে প্রতিদিন শিক্ষা অর্জন করে থাকে। যখন তারা স্কুলে থাকে তখন তারা মানে নাকো কোন বারণ। তাদের মতো করে তারা নিজেদের সাজিয়ে নেয়। মনের মাধুরী মিশায়ে তারা সময় পার করে থাকে। শিশুদের উন্নয়নে মা-বাবা খুবই আনন্দিত। শিক্ষকগণও খুশি তাদের বাচ্চাদের উন্নয়নে। আনন্দ অশ্রু ঝরে সবার দু'চোখে। বুক ভরা আনন্দ তাদের বাচ্চাদের এগিয়ে চলাতে। Black & White Autism School College University of Humanity টাঙ্গাইলের মধুপুরে ও ধনবাড়ীতে ক্লান্তিহীনভাবে অটিজম বৈশিষ্ট্য সম্পন্ন স্বর্গীয় শিশুদের জন্য কাজ করে চলেছে। আমরা আপনার দোয়া প্রার্থী।

## Black & White Autism School College University of Humanity স্বর্গীয় শিশুদের জীবনমান উন্নয়ন ও মেধা বিকাশের লক্ষ্যে যে সকল কর্ম পরিকল্পনা দিয়ে থাকে তা সুনির্দিষ্ট ও সুস্পষ্টভাবে তুলে ধরা হলো-

| | |
|---|---|
| ● সমাবেশ ও দলীয় খেলা (Assembly and group play) | ● দৈনন্দিন আত্মপরিচর্যার দক্ষতা (Daily Self help skills) |
| ● সূক্ষ্ম সঞ্চালন আচরণের ক্ষমতা (Fine motor skills) | ● গৃহস্থালী কাজের দক্ষতা (Domestic Working Skills) |
| ● স্থুল সঞ্চালন আচরণের দক্ষতা (Gross Motor Skills) | ● সামাজিক আচরণের দক্ষতা (Social behaviour Skills) |
| ● ভাষার দক্ষতা (Language Skills) | ● সময়জ্ঞান ও লেনদেনের দক্ষতা (Time and give & Taking Skills) |
| ● সাধারণ জ্ঞানের দক্ষতা (General Knowledge Skills) | ● খেলাধুলা ও বিনোদনের দক্ষতা (Sports and Games & Recreational Skills) |
| ● পরিবেশ পরিচিতির দক্ষতা (Envirnment Skills) | ● বৃত্তিমূলক কর্মমুখী দক্ষতা (Vocational Skills) |
| ● লেখাপড়ায় দক্ষতা (Academic Skills) | ● সমস্যা ও সংশোধনমূলক আচরণের দক্ষতা (Correction and Problem behaviour Skills) |

## অটিজম বৈশিষ্ট্যসম্পন্ন স্বর্গীয় শিশু ও মানবতা

Poem by Masud Rana Black & White

আমি দেখেছি, অটিজম বৈশিষ্ট্য সম্পন্ন স্বর্গীয় শিশুদের
কিল ঘুষি লাথি চড় থাপ্পর খেয়ে রাস্তায় পড়ে থাকতে
বাপ দাদার ভিটে মাটি থেকে উচ্ছেদ হতে ।
আমি দেখেছি, বাবা-মার সাথে মানুষের ভয়ঙ্কর আচরণ
মায়ের করুণ আর্তনাদ বাবার অসহনীয় যন্ত্রণা।
কোথায় আমাদের মহানুভবতা? কোথায় আমাদের মানবিকতা?

আমি দেখেছি, অটিজম বৈশিষ্ট্য সম্পন্ন স্বর্গীয় শিশুদের
স্কুলে ভর্তি নিয়ে শিক্ষকদের অনিহাযুক্ত অজুহাত
অভিভাবকদের বেহায়াপনা কটুক্তিযুক্ত কঠোর আপত্তি।
আমি দেখেছি, পিতা-মাতার মৃত্যুর পর অনাহারে অর্ধাহারে মরে যেতে
ক্ষুধার্ত অবস্থায় রাস্তায় কুকুর বিড়ালের সাথে ঘুমুতে।
কোথায় আমাদের মনুষ্যত্ববোধ? কোথায় আমাদের জাগ্রত বিবেক?

আমি দেখেছি, অটিজম বৈশিষ্ট্য সম্পন্ন স্বর্গীয় শিশুদের
বরাদ্দকৃত অর্থে রাজনীতিবিদের পকেট ভারি হতে
জনপ্রতিনিধিদের খাটের তলায় তেলের বোতল পেতে।
আমি দেখেছি বরাদ্দকৃত চাল ডাল চিনি গম ভাগ বাটোয়ারা হতে
শীতবস্ত্র কম্বল চুরি হয়ে যেতে।
তবে কী আমরা চোরদের ভোট দিয়ে থাকি?
দুর্বৃত্ত লম্পটের হাতে তুলে দেই চেয়ার পদ পদবি?
আমি দেখেছি, অটিজম বৈশিষ্ট্য সম্পন্ন স্বর্গীয় শিশুদের
চিকিৎসার নামে ঝাঁড় ফুঁকের ভণ্ড কবিরাজের জন্ম হতে
ডাক্তারের গদ বাঁধা টেস্টের ছকে বহু পরিবারকে সর্বশান্ত হতে।
আমি দেখেছি থেরাপির নামে চলা রমরমা ব্যবসা বানিজ্য
শিক্ষার নামে গজে ওঠা গ্রামে-গঞ্জে হাজারো প্রতিষ্ঠান।
কোথায় আমাদের চিকিৎসা সেবা? কোথায় আমাদের শিক্ষা?
যতসব ভণ্ডের দল দালাল বেঈমান লম্পট?

আমি দেখেছি, অটিজম বৈশিষ্ট্য সম্পন্ন স্বর্গীয় শিশুদের
প্রতিবেশির অসহনীয় বিষোদগার অভাবনীয় সমালোচনা
বাবা-মার অসহায়ত্ব অশ্রুবিসর্জন মর্মন্তুদ আহাজারি।
আমি দেখেছি, অটিস্টিক শিশুকে ফেলে দিয়ে মাকে অন্যত্র চলে যেতে
আমি দেখেছি বাবাকেও অন্যত্র ঘর বাঁধতে
কোথায় আমাদের মমত্ববোধ?
কবে জ্বলবে মঙ্গল আলো?
কোথায় আমাদের মুক্তি?
কোথায় আমাদের মুক্তির মহানায়ক?
কোথায় আমাদের মুক্তি?
কোথায় আমাদের মুক্তির মহামানব?

(A Study conducted by International Autism Research Centre, International Autism Foundation and Black & White Autism School College University of Humanity, 2001-2025)

## অটিজম ও অটিজম বৈশিষ্ট্যসম্পন্ন স্বর্গীয় শিশুদের সম্পর্কে সামাজিক সচেতনতা বৃদ্ধি ও তাদের উন্নয়নের লক্ষ্যে সুনির্দিষ্ট কিছু সুপারিশ (Social Awareness Building and Some Specific Suggestions for the Sustainable Development of our Divine Children with Autism)

- স্কুল কলেজ বিশ্ববিদ্যালয়ের সকল স্তরের পাঠ্যসূচীতে অটিজম বিষয়ে রুপরেখা প্রণয়ন।
- খবরের কাগজ, বেতার, টেলিভিশনে নিয়মিত তুলে ধরা।
- শিক্ষক, ডাক্তার, সমাজসেবক গবেষক, মনোবিজ্ঞানী, শিশু বিশেষজ্ঞ, নার্স, রাজনৈতিক কর্মী, সরকারি ও বেসরকারি মাঠ পর্যায়ের কর্মচারীদের ট্রেনিংয়ের আওতায় নিয়ে আসা।
- নাটক সিনেমায় অটিজম সম্পর্কে তুলে আনা।
- সকল সরকারি বেসরকারি হাসপাতালে অটিজম কর্ণার তৈরী ও সেবা প্রদান।
- গৃহভিত্তিক ও কেন্দ্রভিত্তিক প্রতিকারমূলক ব্যবস্থা রাখা।
- চিহ্নিত হওয়ার পর সরকারীভাবে নথিভুক্ত করা।
- সাধারণ শিক্ষার সাথে সমন্বিত করা।
- জেলায় বা উপজেলায় কমপক্ষে ১টি করে স্কুল প্রতিষ্ঠা করা।
- উচ্চ শিক্ষার ক্ষেত্রে কোটা রাখা।
- সরকারি বেসরকারি চাকুরীতে কোটা রাখা।
- সমাজভিত্তিক পুণর্বাসন কেন্দ্র চালু এবং সকল প্রকার সুযোগ সুবিধার ব্যবস্থা করা।
- প্রয়োজনীয় অনুদান ও আর্থিক সাহায্য করা।
- অটিজম এর উপর একটি পূর্ণাঙ্গ মন্ত্রণালয় ও অধিদপ্তর করা।
- বিভিন্ন রাজনৈতিক দলে ও তাদের সহযোগী এবং অঙ্গসংগঠনে অটিজম বিষয়ক সম্পাদকীয় ও উপ-সম্পাদকীয় পদ সৃষ্টি করা।
- স্কুল কলেজ বিশ্ববিদ্যালয়ে অটিজম বিষয়ক Subject ও Department তৈরী করা এবং দক্ষ শিক্ষক নিয়োগ দান।
- সমাজের সবাইকে অটিজম বান্ধব সমাজ তৈরীতে সম্পৃক্ত করা।

## প্রাতিষ্ঠানিক লক্ষ্য উদ্দেশ্য ও কর্মসূচির বর্ণনাসমূহ (Description of International Autism Foundation and Black & White Autism School College University of Humanity)

**Aim and Objectives**

To build our Global Society Autism and Divine Children with Autism friendly through the Sustainable Development of our Divine Children with Autism providing Special Education, Health Care Services and Nutrition all the year round.

**Our Activities**

● Home Visits ● Case Study ● Counseling Monitoring Supervision ● Seminar Symposium Workshop ● Rally Human Chain ● Computer Training ● Handicrafts Training ● Research Surveying ● Health Campaigns ● Training for MomPom Teachers Caregivers and Volunteers ● Yard's Sitting ● Publications.

**Our Future Planning**

To Establish Specialized ● Medical College and Hospital ● University ● Rehabilitation Center ● Television Center ● Library and Information Center ● Research and Training Center ● Vocational Center ● Digital Autism Village ● Holy Grave yard

**Our Existing Resources**

● Will Power ● Black & White Autism School College University of Humanity & our own land ● Musical English Band ● English Learning Center ● The Daily Black & White ● The Daily Human Rights ● The International Autism Foundation Journal ● Publications on Autism ● Training Center ● Skilled Parents Teachers Caregivers and Volunteers ● A Mitshubishi Pajero

**Our Campus Location**

Black & White Autism Village, Black & White City, Vutia, Pirgacha, Madhupur, Tangail, Dhaka, Bangladesh.
Email : blackandwhitehumanrights@gmail.com
Contact Number : +88 01711351379
+88 02 9613007
Facebook : International Autism Foundation
Facebook Page: International Autism Foundation

**Aim and Objectives**

To build our Global Society Autism and Divine Children with Autism friendly through the Sustainable Development of our Divine Children with Autism providing Special Education, Health Care Services and Nutrition all the year round.

**Characteristics**

● Free Education ● Free Educational Materials ● Free Health Care ● Free Foods ● Free Clothes ● Education with Pleasure ● Natural Environment ● Education with Motherly love ● Education with Daily works.

**Activities of Teaching and Learning**

● Need Assessment ● Skills building ● Self Confidence growing ● Art Music Recitation Drawing Learning ● General Education Learning ● Behaviour Learning ● Sports and Games Learning ● Daily Activities Learning ● Socialization and Adaptation Learning

**Description**

There are 91 Divine Children with Autism with different types of disabilities. 27 Teachers Caregivers and Volunteers. We are providing Special Education Inclusive Education Comprehensively for the Development of our Divine Children with Autism relentlessly. We do need your Cooperation please.

**Our Campus Location**

Black & White Autism Village, Black & White City, Vutia, Pirgacha, Madhupur, Tangail, Dhaka, Bangladesh.
Email : blackandwhitehumanrights@gmail.com
Contact Number : +88 01711351379
+88 02 9613007
Facebook : International Autism Foundation
Facebook Page: International Autism Foundation

**অটিজম বৈশিষ্ট্যসম্পন্নদের সাথে কাজের ক্ষেত্রে**

০১) বাচ্চার Interest এর জায়গা থেকে কাজ শুরু করতে হবে।
০২) বাচ্চার Emotion এর মূল্যায়ন করতে হবে।
০৩) বাচ্চার পছন্দের বিষয় নিয়ে কাজ শুরু করত হবে।

**Black & White Autism School College University of Humanity স্বর্গীয় শিক্ষার্থীদের অটিজম জয় করার লক্ষ্যে যে সকল প্রশিক্ষণ দিয়ে থাকে তার কিছু চিত্র তুলে ধরা হলো-**

| | | |
|---|---|---|
| সমাবেশের জন্য তৈরী করা | খেলনা দিয়ে খেলে তুলে রাখা | সকালে শিশিরকে ছুঁয়ে দেখা |
| জাতীয় সংগীতে সমন্বয়ে গাওয়া | গাড়ীতে উঠানো নামানো | বৃষ্টিতে ভেজা |
| শৃঙ্খলার সাথে মেনে চলা | রাস্তায় হাঁটানো চেনানো | লজ্জাবতী গাছকে লজ্জা ভাঙানো |
| **লাফানো দৌড়ানো টপকানো** | গাছ থেকে আম ছেঁড়া শেখানো | বই এলোমেলো ও গোছানো |
| কমল পেন্সিল দিয়ে দাগানো | জাম্বুরা দিয়ে বল খেলানো | আয়নাতে নিজেকে দেখা |
| কথায় মনোযোগী করা | বালতি দিয়ে পানি আনা | বিছানায় শুয়ে পড়া |
| চিরুনী দিয়ে মাথা আঁচড়ানো | টিউবওয়েল চাপানো | পুকুরে নামা উঠা |
| ছাগলকে কাঁঠালের পাতা খাওয়ানো | অটো ভাড়া দেয়া | দলীয়ভাবে কাজ করা |
| হাঁস-মুরগির সাথে দৌড়ানো | স্কুলের চেয়ার টেবিল সাজানো | গরুর পালের পিছনে হাঁটা |
| স্কুল পরিষ্কার রাখা | তালা খোলা ও লাগানো | মসজিদ মন্দির গীর্জা পেগোডায় নেয়া |
| কার্পেট বিছানো ও ভাঁজ করে রাখা | হাত উঠিয়ে সালাম দেয়া | কাগজ দিয়ে ঘুড়ি নৌকা তৈরী |
| গাছ থেকে ফুল তোলা | ধীরে পথ চলা শেখা | ভাল আচরণ শেখা |
| স্কুল থেকে না পালানো | রাস্তা দিয়ে হাঁটা | স্কুলের দরজা জানালা বন্ধ করা |
| আকাশের দিকে তাকিয়ে থাকা | ঝাঁড়ু দেয়া | ফ্লোর ঝাঁড়ু দেয়া ও মোছা |
| লম্বা করে দম নেয়া | লাইট ফ্যান জ্বালানো নিভানো | নিজেদের নামের প্রতি কর্ণপাত করানো |
| গাসে জল ঢালা | বাগানে জল দেয়া | কাজের ফাঁকে বিশ্রাম নেয়া |
| সারিবদ্ধভাবে দাঁড়ানো | রিক্সায় উঠানো নামানো | সূর্যের দিকে তাকিয়ে থাকা |
| শপথে অংশ নেয়া | নাম ধরে ডেকে শোনানো | পানিতে পা ভিজানো |
| উঁচুতে উঠা নীচুতে নামা | দোকানে যাওয়া আসা | কাগজ ছেঁড়া |
| ছবি আঁকা, বৃত্ত ভরাট করা | আম ছোলানো শেখা | জামা জুতো মোজা পড়া |
| সেলাই করা | অন্য মায়ের হাত ধরে চলা | নিজের খাবার নিজে খাওয়া |
| ভাব বিনিময় শেখানো | বাথরুম পরিষ্কার করা | মশা তাড়ানো |
| গরু ছাগলের সাথে খেলা করানো | দোকান থেকে চা কিনে আনা | গান গাওয়া নাচ করা |
| গরুকে পানি খাওয়ানো | দৌড়ে পথ চলা শেখা | নিজের খাবার নিজে খাওয়া |
| গভীর বনে হাঁটাহাঁটি | খালি গায়ে না থাকা | বাড়ি বাড়ি নিয়ে যাওয়া |
| টিভি দেখা | পানির সাথে খেলা করা | বাড়ি থেকে না পালানো |
| কোন বাড়ীতে নিয়ে পরিচয় করানো | একা থাকতে না চাওয়া | বৃক্ষ রোপন |
| মেডিটেশন করানো | মাথায় বোঝা নেয়া | বালতি দিয়ে পানি আনা |
| চাঁদনী রাতে ঘোরাঘুরি | বৃষ্টির পানিতে ভেজা | কুস্তি শেখানো |
| ঘোড়ার গাড়িতে চড়া | **সাইকেল চালানো শেখা** | **সাঁতার শেখানো** |

## Adult Divine Children with Autism এবং তাদের পড়াশোনা (Adult Education)

Black & White Autism School College University of Humanity তে অটিজম বৈশিষ্ট্যসম্পন্ন কয়েকজন Adult পড়াশোনা করছে। দীর্ঘসময় তারা সামাজিকীকরণের বাইরে ছিলো। সমন্বয় সাধন করাটা এখানে জরুরী বিষয়। সমাজ তাদেরকে বাঁকা চোখে দেখেছে এতোদিন। পরিবারের ভূমিকাও ছিলো নগন্য। প্রতিবেশিরা তাদের পাগল করে উপহাস করেছে। আমাদের সমাজ ব্যবস্থা তখন আরো অন্ধকারে নিমোজ্জিত ছিলো। ধীরে ধীরে জ্ঞানীজনেরা সমাজের পরিবর্তন এনেছেন। এখন সমাজ ব্যবস্থায় পরিবর্তন এসেছে। তখন সমাজ ব্যবস্থায় মুর্খতার লেপন ছিলো। কার্যক্রমে তার প্রসার, পরিবর্তন ও পরিবর্ধন ঘটেছে। লক্ষ্যনীয় হলো এখনো অনেকেই স্বর্গীয় শিশুদের ভালো চোখে দেখতে পারেনা। ওরা অন্ধ। বধির। মুক। নীচ ও হীনপ্রকৃতির। ওরা মনে করে স্বর্গীয় শিশুরা সমাজের বোঝা কিন্তু তারা বোঝা নয়। তাদের জন্য চাই উপযুক্ত পরিবেশ। চাই শিক্ষার অবারিত সুযোগ। মূলধারার শিক্ষক ও অভিভাবকদের বিষয়টি নিয়ে ভাবতে হবে। সমাজের মানুষের ভিতরের পংকিলতা কলুষতা দুর করতে হবে। স্বর্গীয় শিশুদের নিয়ে আমাদের সকলেরই ভাবার সময় এসেছে। আমাদেরকেই ভাবতে হবে। তাদেরকে তাদের জ্ঞানের জগৎ অনুযায়ী কর্ম পরিধির আওতায় প্রবেশ করাতে হবে। স্বর্গীয় শিশু বান্ধব একটি সমাজ ও রাষ্ট্র বিনির্মাণ করতে হবে। Black & White Autism School College University of Humanity তাদের জন্য নিরলসভাবে কাজ করে চলেছে। এখন তারা সমাজের অন্যদের সাথে মিলেমিশে চলতে পারে। আচার আচরণে তারাও এখন যথেষ্ট সাবলীল। আমরা সমাজের মানুষের দৃষ্টিভঙ্গি বদলাতে চেষ্টা করছি। আমরা সফল হবোই। **"Change Thyself" Black & White – এর এই Motto হোক সবার জীবনের পাথেয়।**

## Black & White Autism Theory

$$A=\frac{CNS}{M^3}$$

A— Autism


CNS — Central Nervous System

$M^3$ — Malformation
Malorder
Malfunction

**AUTISM**

A - Always
U - Unique
T - Totally
I - Interesting
S - Sometimes
M - Mysterious

| | | | |
|---|---|---|---|
| $M^1$ — Malformation | | $M^3$ | $M^1$ — Invisible |
| $M^{11}$ — Malorder | | | $M^{11}$ — Invisible |
| $M^{111}$ — Malfunction | | | $M^{111}$ — Visible |




Black & White IV Special Autism Model

## আলোকিত পৃথিবী (Beautiful World)

*কথা, সুর, সঙ্গীত, কণ্ঠ শিল্পী Masud Rana Black & White*

আমরা সুন্দর একটি পৃথিবী চাই
অটিজম বান্ধব একটি পৃথিবী চাই
আমরা সুন্দর একটি পৃথিবী গড়বো
অটিজম বান্ধব একটি পৃথিবী গড়বো
আমরা সুন্দর একটি পৃথিবী গড়তে লড়বো
অটিজম বান্ধব একটি পৃথিবী গড়বো।

আমরা ভালোবাসি মাকে তাই ভালোবাসি এ পৃথিবী
আমরা ভালোবাসি শিশুকে তাই ভালোবাসি এ পৃথিবী।

We do love our mothers So we do love our world
We do love our children So we do love our world.

আমরা আলোকিত একটি পৃথিবী চাই
অটিজম বান্ধব একটি পৃথিবী চাই
আমরা আলোকিত একটি পৃথিবী গড়বো
অটিজম বান্ধব একটি পৃথিবী গড়বো
আমরা আলোকিত একটি পৃথিবী গড়তে লড়বো
অটিজম বান্ধব একটি পৃথিবী গড়বো।

## Divine Children (স্বর্গীয় শিশু)

*Poem by Masud Rana Black & White*

Children with Autism do not tell a lie
Children with Autism never tell a lie.

Children with Autism do not know
What is a lie
Children with Autism do not know
How to tell a lie.

Children with Autism do not know
Why to tell a lie
Children with Autism do not know
Where to tell a lie.

Children with Autism do not know
When to tell a lie
Children with Autism do not know
Whom to tell a lie.

Divine Children with Autism
They do not try to tell a lie
Divine Children with Autism
They do not need to tell a lie.